রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বৃহস্পতিবার, জুলাই ১০, ২০১৪**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**সীমান্ত শাখা-১**

**প্রজ্ঞাপন**

তারিখ : ৬ জুলাই ২০১৪

**নং ৪৪.০০.০০০০.১১৬.০৪.০০২.১৪/২৩০**—বর্ডার গার্ড বাংলাদেশ এর বিভিন্ন পদমর্যাদার কর্মকর্তা/ কর্মচারীগণের অসীম সাহসিকতা, বীরত্বপূর্ণ কাজের পাশাপাশি, বুদ্ধিমত্তা, একনিষ্ঠতা, সততা, দূরদর্শিতা, মমত্ববোধ প্রভৃতির দৃষ্টান্তপূর্ণ অবদানের স্বীকৃতি স্বরূপ বাংলাদেশ সরকার কর্তৃক 'বর্ডার গার্ড বাংলাদেশ পদক', 'রাষ্ট্রপতি বর্ডার গার্ড পদক', 'বর্ডার গার্ড বাংলাদেশ পদক-সেবা' এবং 'রাষ্ট্রপতি বর্ডার গার্ড পদক-সেবা' প্রবর্তন করা হলো।

**পদকের বিবরণ ও প্রাপ্তির যোগ্যতা নিম্নরূপ হবে :**

১। **পদকের নাম**।—এই পদক সমূহ 'বর্ডার গার্ড বাংলাদেশ পদক (বিজিবিএম)', 'রাষ্ট্রপতি বর্ডার গার্ড পদক (পিবিজিএম)', 'বর্ডার গার্ড বাংলাদেশ পদক-সেবা (বিজিবিএমএস)' এবং 'রাষ্ট্রপতি বর্ডার গার্ড পদক-সেবা (পিবিজিএমএস)' নামে অভিহিত হবে।

২। **প্রাপ্তির যোগ্যতা**।

ক। **'বর্ডার গার্ড বাংলাদেশ পদক (বিজিবিএম)' :** নিম্নবর্ণিত এক বা একাধিক কাজের জন্য বর্ডার গার্ড বাংলাদেশ এর সদস্যগণকে "বর্ডার গার্ড বাংলাদেশ পদক (বিজিবিএম)" প্রদান করা হবে, যথা :

(১) প্রতিপক্ষের সাথে সীমান্ত সংঘর্ষের সময় নিজের জীবন বিপন্ন করে অসীম সাহসিকতার পরিচয় বহন করলে।

(২) চোরাকারবারীর সাথে সংঘর্ষের সময় নিজের জীবনের ঝুঁকি নিয়ে অসীম সাহসিকতার পরিচয় দিয়ে থাকলে।


**মূল্য ঃ** টাকা ৮.০০

(৩) পার্বত্য চট্টগ্রামে সন্ত্রাস দমন অভিযানে বীরত্বপূর্ণ অবদান রাখলে।

(৪) বুদ্ধিমত্তা ও দূরদর্শিতার মাধ্যমে সীমান্ত সংঘর্ষের সফল সমাধান করলে।

(৫) যথেষ্ট পরিমাণ অবৈধ অস্ত্র উদ্ধার করলে।

(৬) চোরাচালান নিরোধ এ নতুন কোন উদ্ভাবনী কৃতিত্ব প্রদর্শন করলে।

(৭) চোরাচালান দমন কাজে অধিক সাফল্য অর্জন করলে।

(৮) আইন শৃঙ্খলা রক্ষার কাজে কৃতিত্ব অর্জন করলে।

(৯) অভ্যন্তরীণ নিরাপত্তা কর্তব্যে সাহসিকতা প্রদর্শন করলে।

(১০) সরকারী যান-মাল রক্ষায় কৃতিত্ব প্রদর্শন করলে।

(১১) সরকার কর্তৃক প্রদত্ত বিশেষ কোন দায়িত্ব পালনে অনন্য সাধারণ কৃতিত্ব/বীরত্ব প্রদর্শন করলে।

খ। **<u>'রাষ্ট্রপতি বর্ডার গার্ড পদক (পিবিজিএম)'</u> :** নিম্নবর্ণিত এক বা একাধিক কাজের জন্য বর্ডার গার্ড বাংলাদেশ এর সদস্যগণকে "রাষ্ট্রপতি বর্ডার গার্ড পদক (পিবিজিএম)" প্রদান করা হবে :

(১) প্রতিপক্ষের সাথে সীমান্ত সংঘর্ষের সময় নিজের জীবন বিপন্ন করে বীরত্বের পরিচয় বহন করলে।

(২) চোরাকারবারীর সাথে সংঘর্ষের সময় নিজের জীবনের ঝুঁকি নিয়ে বীরত্বপূর্ণতার পরিচয় দিয়ে থাকলে।

(৩) সন্ত্রাস দমন অভিযানে কৃতিত্বপূর্ণ অবদান রাখলে।

(৪) কার্যকরী ফায়ার দিয়ে সীমান্তে প্রতিপক্ষকে ঘায়েল করতে সক্ষম হলে।

(৫) বুদ্ধিমত্তা ও কৌশলের মাধ্যমে সীমান্ত সংঘর্ষের সফল সমাধান করলে।

(৬) উল্লেখযোগ্য পরিমাণ অবৈধ অস্ত্র উদ্ধার করলে।

(৭) চোরাচালান নিরোধ এ নতুন কোন উদ্ভাবনী কৃতিত্ব প্রদর্শন করলে।

(৮) চোরাচালান দমন কাজে উল্লেখযোগ্য সাফল্য অর্জন করলে।

(৯) আইন শৃঙ্খলা রক্ষার কাজে কৃতিত্বপূর্ণ অবদান রাখলে।

(১০) অভ্যন্তরীণ নিরাপত্তা কর্তব্যে সাহসিকতা প্রদর্শন করলে।

(১১) সরকারী সম্পদ রক্ষায় কৃতিত্ব প্রদর্শন করলে।

(১২) সরকার কর্তৃক প্রদত্ত বিশেষ কোন দায়িত্ব পালনে অনন্য সাধারণ কৃতিত্ব প্রদর্শন করলে।

গ। **'বর্ডার গার্ড বাংলাদেশ পদক-সেবা (বিজিবিএমএস)'** : নিম্নবর্ণিত এক বা একাধিক কাজের জন্য বর্ডার গার্ড বাংলাদেশ এর সদস্যগণকে "বর্ডার গার্ড বাংলাদেশ পদক-সেবা (বিজিবিএমএস)" প্রদান করা হবে :

(১) বিবেচ্য সময়ে সৃজনশীল উদ্ভাবনিমূলক কর্মকান্ডের মাধ্যমে বর্ডার গার্ড বাংলাদেশ এর কার্যক্রমে গতিশীলতা আনয়ন অথবা দক্ষতা বৃদ্ধি অথবা উন্নয়ন ও আধুনিকায়নে বিভিন্ন দপ্তর ও শাখায় দৃশ্যমান অবদান রাখলে।

(২) বিবেচ্য সময়ে রাষ্ট্রীয় বা সামাজিক দিক হতে গুরুত্বপূর্ণ তথ্যের রহস্য উদঘাটন করতঃ অপরাধীদের আইনের আওতায় সোপর্দের ব্যবস্থা গ্রহণ করলে।

(৩) যুগোপযোগী অপরাধ নিয়ন্ত্রণ প্রক্রিয়া প্রবর্তনের মাধ্যমে সীমান্ত অপরাধ নিয়ন্ত্রণসহ অন্যান্য কাজ সম্পাদনে প্রশংসনীয় অবদান রাখলে।

(৪) বিজিবি'র বিভিন্ন ইউনিটে দায়িত্বে থেকে দক্ষতা, কর্তব্যনিষ্ঠ, সততা ও শৃঙ্খলামূলক আচরণের মাধ্যমে সার্বিকভাবে বিজিবি'র ভাবমূর্তি উজ্জ্বল করার ক্ষেত্রে উল্লেখ্যযোগ্য অবদান রাখলে।

(৫) বিদ্রোহ দমন, নিয়ন্ত্রণ বা বিচার কার্যক্রম পরিচালনায় অসামান্য অবদান রাখলে।

(৬) সরকার কর্তৃক প্রদত্ত কোন কর্তব্যে অসামান্য কৃতিত্ব প্রদর্শন করলে।

(৭) রোগীদের চিকিৎসা/সেবায় অসাধারণ অবদান রাখলে।

ঘ। **'রাষ্ট্রপতি বর্ডার গার্ড পদক-সেবা (পিবিজিএমএস)'**: নিম্নবর্ণিত এক বা একাধিক কাজের জন্য বর্ডার গার্ড বাংলাদেশ এর সদস্যগণকে "রাষ্ট্রপতি বর্ডার গার্ড পদক-সেবা (পিবিজিএমএস)" প্রদান করা হবে :

(১) বিবেচ্য সময়ে সৃজনশীল উদ্ভাবনিমূলক কর্মকান্ডের মাধ্যমে বর্ডার গার্ড বাংলাদেশ এর কার্যক্রমে গতিশীলতা আনয়ন অথবা দক্ষতা বৃদ্ধি অথবা উন্নয়ন ও আধুনিকায়নে বিভিন্ন দপ্তর ও শাখায় দৃশ্যমান অবদান রাখলে।

(২) বিবেচ্য সময়ে রাষ্ট্রীয় বা সামাজিক দিক থেকে গুরুত্বপূর্ণ তথ্যের রহস্য উদঘাটন করতঃ অপরাধীদের আইনের আওতায় সোপর্দের ব্যবস্থা গ্রহণ করলে।

(৩) যুগোপযোগী অপরাধ নিয়ন্ত্রণ প্রক্রিয়া প্রবর্তনের মাধ্যমে সীমান্ত অপরাধ নিয়ন্ত্রণসহ অন্যান্য কাজ সম্পাদনে প্রশংসনীয় অবদান রাখলে।

(৪) বিজিবি'র বিভিন্ন ইউনিটে দায়িত্বে থেকে দক্ষতা, কর্তব্যনিষ্ঠ, সততা ও শৃঙ্খলামূলক আচরণের মাধ্যমে সার্বিকভাবে বিজিবি'র ভাবমূর্তি উজ্জ্বল করার ক্ষেত্রে উল্লেখ্যযোগ্য অবদান রাখলে।

(৫) বিদ্রোহ দমন, নিয়ন্ত্রণ বা বিচার কার্যক্রম পরিচালনায় অসামান্য অবদান রাখলে।

(৬) সরকারী সম্পত্তি রক্ষায় কৃতিত্ব প্রদর্শন করলে।

(৭) রোগীদের চিকিৎসা/সেবায় অসাধারণ অবদান রাখলে।

(৮) সরকার কর্তৃক প্রদত্ত বিশেষ কোন দায়িত্ব পালনে অনন্যসাধারণ কৃতিত্ব প্রদর্শন করলে।

(৯) অন্যান্য প্রশাসনিক কর্মকান্ডে কৃতিত্ব প্রদর্শন করলে।

৩। **পদকের গঠন**।

ক। **বর্ডার গার্ড বাংলাদেশ পদক (বিজিবিএম) :**

(১) পদকটি সিলভার দ্বারা তৈরী করা হবে।

(২) পদকের আকৃতি গোলাকার হবে।

(৩) পদকের ব্যাস ৩৭ মিঃ মিঃ হবে।

(৪) সম্মুখভাগের উপরে "বর্ডার গার্ড বাংলাদেশ পদক", মাঝখানে বাংলাদেশ মানচিত্র এবং নীচে **"অসম সাহসিকতা"** শব্দসমূহ উৎকীর্ণ থাকবে।

(৫) পশ্চাৎ দিকে মধ্য ভাগে বিজিবি'র মনোগ্রাম উৎকীর্ণ থাকবে।

খ। **রাষ্ট্রপতি বর্ডার গার্ড পদক (পিবিজিএম) :**

(১) পদকটি তামা দ্বারা তৈরী করা হবে।

(২) পদকের আকৃতি গোলাকার হবে।

(৩) পদকের ব্যাস ৩৭ মিঃ মিঃ হবে।

(৪) সম্মুখভাগের উপরে " রাষ্ট্রপতি বর্ডার গার্ড পদক", মাঝখানে বাংলাদেশ মানচিত্র এবং নিচে **"সাহসিকতা"** শব্দটি উৎকীর্ণ থাকবে।

(৫) পশ্চাৎ দিকে মধ্য ভাগে বিজিবি'র মনোগ্রাম উৎকীর্ণ থাকবে।

গ। **বর্ডার গার্ড বাংলাদেশ পদক-সেবা (বিজিবিএমএস) :**

(১) পদকটি সিলভার দ্বারা তৈরী করা হবে।

(২) পদকের আকৃতি আট কোনাকার গোলাকার হবে।

(৩) পদকের ব্যাস ৩৭ মিঃ মিঃ হবে।

(৪) সম্মুখভাগের উপরে "বর্ডার গার্ড বাংলাদেশ পদক-সেবা" এবং মাঝখানে বাংলাদেশ মানচিত্র উৎকীর্ণ থাকবে।

(৫) পশ্চাৎ দিকে মধ্য ভাগে বিজিবি'র মনোগ্রাম উৎকীর্ণ থাকবে।

ঘ। **রাষ্ট্রপতি বর্ডার গার্ড পদক-সেবা (পিবিজিএমএস) :**

(১) পদকটি গোল্ডেন এর ধাতু দ্বারা তৈরী করা হবে।

(২) পদকের আকৃতি গোলাকার হবে।

(৩) পদকের ব্যাস ৩৭ মিঃ মিঃ হবে।

(৪) সম্মুখভাগের উপরে " রাষ্ট্রপতি বর্ডার গার্ড পদক-সেবা" এবং মাঝখানে বাংলাদেশ মানচিত্র উৎকীর্ণ থাকবে।

(৫) পশ্চাৎ দিকে মধ্য ভাগে বিজিবি'র মনোগ্রাম উৎকীর্ণ থাকবে।

৪। **রিবনের বিবরণ**।

ক। **বর্ডার গার্ড বাংলাদেশ পদক (বিজিবিএম) :**

(১) রিবনের দৈর্ঘ্য ৩৭ মিঃ মিঃ হবে। রিবনের মধ্য ভাগ সিলভার ও উভয় পার্শ্বে সবুজ রং হবে।

(২) রিবনের প্রস্থ ১২ মিঃ মিঃ হবে।

খ। **রাষ্ট্রপতি বর্ডার গার্ড পদক (পিবিজিএম) :**

(১) রিবনের দৈর্ঘ্য ৩৭ মিঃ মিঃ হবে। রিবনের মধ্য ভাগ সিলভার ও উভয় পার্শ্বে নীল রং হবে।

(২) রিবনের প্রস্থ ১২ মিঃ মিঃ হবে।

গ। **বর্ডার গার্ড বাংলাদেশ পদক-সেবা (বিজিবিএমএস) :**

(১) রিবনের দৈর্ঘ্য ৩৭ মিঃ মিঃ হবে। রিবনের মধ্য ভাগ সাদা ও উভয় পার্শ্বে মেরুন রং হবে।

(২) রিবনের প্রস্থ ১২ মিঃ মিঃ হবে।

ঘ। **রাষ্ট্রপতি বর্ডার গার্ড পদক-সেবা (পিবিজিএমএস) :**

(১) রিবনের দৈর্ঘ্য ৩৭ মিঃ মিঃ হবে। রিবনের মধ্য ভাগ সাদা ও উভয় পার্শ্বে সবুজ রং হবে।

(২) রিবনের প্রস্থ ১২ মিঃ মিঃ হবে।

৫। **পদক পরিধানের ক্রম**।

ক। **বর্ডার গার্ড বাংলাদেশ পদক (বিজিবিএম) :** এই পদক বর্ডার গার্ড পদকসমূহের মধ্যে সর্বজ্যেষ্ঠ হবে। পোশাকে এই পদক বাম পকেটের উপর "রাষ্ট্রপতি বর্ডার গার্ড পদক" এর পূর্ববর্তী স্থানে পরিধান করতে হবে। এই পদকের রিবন পরিধানের ক্ষেত্রেও একই জ্যেষ্ঠতা বজায় থাকবে।

খ। **রাষ্ট্রপতি বর্ডার গার্ড পদক (পিবিজিএম) :** এই পদক বীরত্বের জন্য ইতোপূর্বে প্রদত্ত "বর্ডার গার্ড বাংলাদেশ পদক (বিজিবিএম)" এর কনিষ্ঠ হবে। পোশাকে এই পদক বাম পকেটের উপর "বর্ডার গার্ড বাংলাদেশ পদক (বিজিবিএম)" এর পরবর্তী স্থানে পরিধান করতে হবে। এর রিবন পরিধানের ক্ষেত্রেও একই জ্যেষ্ঠতা বজায় থাকবে।

গ। **বর্ডার গার্ড বাংলাদেশ পদক-সেবা (বিজিবিএমএস) :** এই পদক বীরত্বের জন্য প্রদত্ত "রাষ্ট্রপতি বর্ডার গার্ড পদক (বিজিবিএম)" এর কনিষ্ঠ হবে। পোশাকে এই পদক বাম পকেটের উপর "রাষ্ট্রপতি বর্ডার গার্ড পদক (পিবিজিএম)" এর পরবর্তী স্থানে পরিধান করতে হবে। এর রিবন পরিধানের ক্ষেত্রেও একই জ্যেষ্ঠতা বজায় থাকবে।

ঘ। **রাষ্ট্রপতি বর্ডার গার্ড পদক-সেবা (পিবিজিএমএস) :** এই পদক বীরত্বের জন্য প্রদত্ত "বর্ডার গার্ড বাংলাদেশ পদক-সেবা (বিজিবিএমএস)" এর কনিষ্ঠ হবে। পোশাকে এই পদক বাম পকেটের উপর "বর্ডার গার্ড বাংলাদেশ পদক-সেবা (বিজিবিএমএস)" এর পরবর্তী স্থানে পরিধান করতে হবে। এর রিবন পরিধানের ক্ষেত্রেও একই জ্যেষ্ঠতা বজায় থাকবে।

৬। **বারসমূহ :** বর্ডার গার্ড বাংলাদেশ এর কোন সদস্যকে এই পদক একাধিকবার প্রদান করা যাবে। মহামান্য রাষ্ট্রপতির সদয় সম্মতিক্রমে একাধিক পদক প্রাপ্তগণকে পদকের সংখ্যা অনুসারে "বার" প্রদান করা যাবে। বার পরিধান করার সময় প্রতিটি বারের জন্য রিবনে একটি রূপালী রোমান হরফে II চিহ্ন পরিধান করতে হবে।

৭। **পদকের প্রকাশ** : মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ এর সুপারিশক্রমে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক এই পদক অনুমোদিত হতে হবে এবং এই পদক বাংলাদেশ গেজেটে প্রকাশ করতে হবে।

৮। **পদক প্রত্যাহার ও পুনঃ প্রদান :** মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ কর্তৃক স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে উত্থাপিত প্রস্তাব মোতাবেক প্রদত্ত পদক প্রত্যাহার করা যাবে। মহামান্য রাষ্ট্রপতি অনুগ্রহ পূর্বক ইচ্ছা পোষণ করলে প্রত্যাহারকৃত পদক পুনরায় প্রদান করতে পারবেন।

৯। প্রেষণে আগত পদক প্রাপ্ত কর্মকর্তাগণের ক্ষেত্রে পদকের মাসিক ভাতা, তাঁর অভিভাবক সংস্থায় প্রত্যাবর্তনের পরেও বহাল থাকবে। এই ক্ষেত্রে আর্থিক সংশ্লেষ সংশ্লিষ্ট পদক প্রাপ্ত সদস্যের অভিভাবক সংস্থার প্রচলিত বিধি বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে। এছাড়াও এ প্রজ্ঞাপনের অনুচ্ছেদ ২ এ উল্লিখিত কার্য সম্পাদন করা কোন সদস্য এই পদকের জন্য বিবেচনা করার কার্যক্রম গ্রহণের পূর্বেই যদি প্রেষণ সমাপ্তে অভিভাবক সংস্থায় প্রত্যাবর্তন করেন, সে ক্ষেত্রেও বর্ডার গার্ড বাংলাদেশ এ থাকাকালীন তাঁর অবদানের জন্য তাঁকে এই পদকের জন্য বিবেচনা করা যাবে। এই ক্ষেত্রে পদক প্রাপ্ত সদস্যের এককালীন অনুদান বর্ডার গার্ড বাংলাদেশ কর্তৃক প্রদেয় হবে।

১০। **পদকের ভূষণ** : পদক প্রাপ্ত সদস্যগণ তাদের নামের শেষে পদকের ভূষণ (সংক্ষিপ্ত রূপ) যেমন : 'বর্ডার গার্ড বাংলাদেশ পদক' এর ক্ষেত্রে 'BGBM' (বিজিবিএম), 'রাষ্ট্রপতি বর্ডার গার্ড পদক' এর ক্ষেত্রে 'PBGM' (পিবিজিএম), 'বর্ডার গার্ড বাংলাদেশ পদক-সেবা' এর ক্ষেত্রে 'BGBMS' (বিজিবিএমএস) ও রাষ্ট্রপতি বর্ডার গার্ড পদক-সেবা এর ক্ষেত্রে 'PBGMS' (পিবিজিএমএস) লিখতে পারবেন। প্রেষণে আগত (সশস্ত্র বাহিনীর কর্মকর্তাগণ) প্রদক প্রাপ্ত কর্মকর্তাগণ প্রেষণ শেষে অভিভাবক সংস্থায় প্রত্যাবর্তনের পরেও তাঁদের নামের শেষে উল্লিখিত ভূষণ লিখতে পারবেন।

১১। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হবে ।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সি কিউ কে মুসতাক আহমদ**
সিনিয়র সচিব

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd